# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০

শ্রেণি : দশম

কাশফুল

বিষয় ঃ হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

| বিষয় কোড | | |
|---|---|---|
| ১ | ১ | ২ |

**সময়—২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

**[বিশেষ দ্রষ্টব্যঃ— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]**

১। প্রত্যয়দের বাড়ির আশ্রমে জন্মাষ্টমী দিনে ধর্মসভায় পুরোহিত বলেছিলেন 'ঈশ্বরকে বলা হয় পরমাত্মা, যা জীব সৃষ্টির মূল। জীবের আত্মরূপে ঈশ্বর জীবের মধ্যে অবস্থান করেন। জীব ও জগতের প্রয়োজনে তিনি বিভিন্নভাবে, বিভিন্ন শক্তিতে প্রকাশিত হন। কখনো ভয়ঙ্কর মহাকালী, কখনো সৌম্য সরস্বতী।' এ চেতনাকে ধারণ করে প্রত্যয় ও নানান সময়ে নানা অবস্থান থেকে মানুষের বিপদে সহযোগিহা করতে এগিয়ে আসে।

ক) 'ওঙ্কার' এর অর্থ কী? ১

খ) স্রষ্টা ও সৃষ্টির মধ্যে রয়েছে এক গভীর সম্পর্ক-কথাটি ব্যাখ্যা কর। ২

গ) অবতাররূপে স্রষ্টার স্বরূপ সম্পর্কে প্রত্যয় কী জেনেছিল তা ব্যাখ্যা কর। ৩

ঘ) ঈশ্বর এক ও অভিন্ন তবে তার প্রকাশ ভিন্ন ভিন্ন-মূল্যায়ন কর। ৪

২। দরিদ্র পরিবারের এক অসহায় মেয়ে কৃষ্ণা সারাদিন ভিক্ষাবৃত্তি করে কিছু টাকা এবং চাল নিয়ে সন্ধ্যায় বাড়ি ফিরছিল। তখন কিছু দুস্কৃতিকারী তার পিছু নেয়। মেয়েটি ভয়ে চিৎকার করতেই এক সাধু বাবা তাকে বিপদের হাত থেকে রক্ষা করে তাকে নিরাপদে বাড়ি পৌছে দিয়ে বলেন, 'সর্বদা ভগবানে বিশ্বাস রাখবে।'

ক) অবতার শব্দের অর্থ কী? ১

খ) ধর্মো রক্ষতি রক্ষিত: বলতে কী বোঝায়? ২

গ) সাধু বাবাই যেন অবতারের প্রতিচ্ছবি-ব্যাখ্যা কর। ৩

ঘ) 'সর্বদা ভগবানে বিশ্বাস রাখবে'-বিশ্লেষণ কর। ৪

৩। উনবিংশ শতকে হিন্দুধর্মে অনেক সংস্কারক মনীষীর আবির্ভাব ঘটে। সমির তাদের মধ্যে অন্যতম। তিনি ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠীর চিন্তার সংকীর্ণতা দূর করার জন্য ব্রহ্মসমাজ স্থাপন করেন। সমীর মনে করেন, যুক্তিহীন বিচারে ধর্মের হানী ঘটে। তিনি একেশ্বরবাদী ধারণার পক্ষে মত প্রচার করেন।

ক) বিশ্চরাচরে সর্বত্র কীসের প্রকাশ? ১

খ) শ্রী হরিচাঁদ ঠাকুর সম্পর্কে লেখ? ২

গ) উদ্দীপকে সমির কেন মনীষীর প্রতিনিধি? তা ব্যাখ্যা কর। ৩

ঘ) সমির এর মতে আরও অনেক মনিষীর আবির্ভাব ঘটে; যারা সমাজ সংস্কারে তথা ধর্মীয় কুসংস্কার দূর করতে অবদান রাখেন-এ বিষয়টি যুক্তি সহকারে উপস্থাপন কর। ৪

৪। সোমা অল্প বয়সে তার পিতাকে হারায়। পরবর্তীতে তার বিবাহ হয় একজন ধনাঢ্য ব্যক্তির সাথে। অনেক বছর পর তাদের একটি সন্তান হয়। তার রনকের প্রথম অন্নপ্রাশন, রনকের দিদিমা মায়ারানী নীতির মুখে ভাত দিয়ে অন্নপ্রাশনের অনুষ্ঠান শুরু করলেন। কারণ অন্নপ্রাশন হিন্দুধর্মে গুরুত্বপূর্ণ সংস্কার।

ক) বিবাহ কত প্রকার? ১

খ) সমাবর্তন বলতে কী বোঝায়? ২

গ) মায়ারাণীর আলোকে কীভাবে তোমার পরিবারের অন্নপ্রাশন পালন করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) হিন্দুধর্মের সংস্কার হিসাবে অন্নপ্রাশনের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫। সুবল দশম শ্রেণীর ছাত্র। ইদানিং সে তার মূত্রাশয় এবং পেটের সমস্যায় ভুগছে। দিন দিন তার অবস্থা বেশ খারাপ হয়ে পড়েছে। এ থেকে মুক্তি পেতে সুবল স্কুলের শরীর চর্চা শিক্ষকের কাছে গিয়ে তার সকল সমস্যার কথা খুলে বলল। শিক্ষক সুবলকে প্রত্যহ একটি আসন অনুশীলনের পরামর্শ দিলে উক্ত আসন অনুশীলনের মাধ্যমে সুবল ধীরে ধীরে সুস্থ হয়ে উঠল।

ক) কোন আসনের দেহভঙ্গি দেখতে লাঙলের মতো? ১

খ) হলাসন পেটের পীড়ার ক্ষেত্রে উপকারী কেন? ২

গ) সুবল কীভাবে উক্ত আসনটি অনুশীলন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উক্ত আসনটি সুবলের শরীরে কী ধরনের প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

৬। দিপালীর মধ্যে নেতৃত্বের গুণাবলী দেখে শিক্ষক তাকে শ্রেণি নিয়ন্ত্রণের দায়িত্ব দেন। কিছু শিক্ষার্থী দিপালীকে সমর্থন জানালে তাদের সহযোগিতায় দিপালী যোগ্যতার সাথে সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করে। এতে শিক্ষক এবং অধিকাংশ শিক্ষার্থীই খুশি। কিন্তু পিতম ও কিছু শিক্ষার্থী এটা মেনে নিতে না পারায়। তাদের মধ্যে বাক-বিতন্ডা হয়। তারা দিপালীদের বিরুদ্ধে মিথ্যা অপবাদ ছড়ালে শিক্ষক দিপালীকে সরিয়ে প্রিতমকে দায়িত্ব দেন। কিন্তু পরে প্রকৃত ঘটনা জানতে পেরে দিপালীকে দায়িত্বে ফিরিয়ে দেন এবং অভিযোগকারীদের সংশোধিত হতে বলেন।

ক) কে বাংলায় 'মহাভারত' রচনা করেন? ১

খ) মহাভারতে কুরু ও পান্ডবদের যুদ্ধ গুরুত্বপূর্ণ কেন বুঝিয়ে লেখ। ২

গ) অনুচ্ছেদে বর্ণিত প্রিতমের বৈশিষ্ট্য তোমার পঠিত মহাভারতের বিষয়বস্তুর কোন চরিত্রের প্রতিফলন ব্যাখ্যা কর। ৩

ঘ) অনুচ্ছেদে ঘটনায় বর্ণিত শিক্ষকের ভূমিকা তোমার পঠিত মহাভারতের বিষয়বস্তু শিক্ষার আলোকে মূল্যায়ণ কর। ৪

৭। একই ভবনে দুটি ফ্লাটে ভাড়া থাকে অভিজিত ও অপূর্ব। অপূর্বের সুন্দরী বউকে অভিজিত মাঝে মাঝেই উত্তক্ত করত। অভিজিতের অনৈতিক প্রস্তাবে রাজি না হওয়ায় সে অপূর্বের স্ত্রীকে অপহরণ করার ষড়যন্ত্রে লিপ্ত হয়। সে তাকে একটি গোপন আস্তানায় নিয়ে যায়। অবশেষে অপূর্বের কাছে মুক্তিপন চায় ও কিছু শর্ত আলোপ করে। রাম যেভাবে সীতাকে উদ্ধার করেছিল, ঠিক সেভাবে অত্যন্ত সৎ সাহসিকতার সাথে অপূর্ব তার স্ত্রীকে উদ্ধার করে বাসায় নিয়ে আসে।

ক) দশরথ কে ছিলেন? ১

খ) বিভীষণ কী কারণে তরণীসেনের পরিচয় গোপন করলেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের অপূর্ব চরিত্রের সাথে রামের চরিত্রের কোন দিকগুলোর মিল খুজে পাওয়া যায়? চিহ্নিত কর। ৩

ঘ) সামাজিক ও পারিবারিক জীবনের আলোকে অপূর্বের প্রভাব মূল্যায়ন কর। ৪

৮। প্রভাবশালী ও বিত্তশালী গোবিন্দ মনে করে নিজেই সর্বেসর্বা। সে ঈশ্বর বলতে কিছু বোঝে না। সে মনে করে সে নিজেই ঈশ্বর এবং সর্বময় ক্ষমতার অধিকারী। কিন্তু তার ছেলে অসীম ঈশ্বর সে ঈশ্বর ছাড়া আর কিছুই বোঝে না। এতে ক্ষিপ্ত হয়ে গোবিন্দ তাকে অনেকবার মারতে চাইলেও সে বেঁচে যায়। তখন তার বিশ্বাস ঈশ্বরই তাকে রক্ষা করেন এবং ঈশ্বর সর্বময়।

ক) প্রহ্লাদ কে ছিলেন? ১

খ) ধার্মিকের স্বরূপ ব্যাখ্যা কর। ২

গ) পাঠ্যবইয়ের কোন চরিত্রের সাথে গোবিন্দ চরিত্রের মিল খুঁজে পাওয়া যায় তা আলোচনা কর। ৩

ঘ) ঈশ্বর সর্বময় এবং তিনিই ধার্মিককে রক্ষা করেন-অসীমের এ বিশ্বাস ধর্মের জয় উপাখ্যানের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। অমিয় চ্যাটার্জি বাংলাদেশের যোগাযোগ মন্ত্রণালয়ের একজন বড় কর্মকর্তা। বহুল আলোচিত পদ্মা সেতুর নির্মাণের ৫০ কোটি টাকার একটি প্রজেক্টের কাজ তিনি পান। এটা তার স্ত্রী জানতে পেরে অমিয় কাছে একটি ফ্লাটের আবেদন করে। অমিয় তাকে বলেন, এগুলো জনগণের টাকা। এ টাকা ব্যক্তিগতভাবে খরচ করার কোনো অধিকার আমার নেই। একথা শোনার পর তার স্ত্রী এসব ব্যাপারে আর কোন কথা বলতে সাহস পায় না।

ক) কাঠুরিয়া কাঠ কাটতে কোথায় গেলেন? ১

খ) জলদেবতা কেন মুগ্ধ হয়েছিলেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের অমিয় চ্যাটার্জির উক্ত কাজের আলোকে কীভাবে একটি দেশ উন্নতির স্বর্ণ শিখরে উঠতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'সততাই উৎকৃষ্ট পন্থা'-এ উক্তিটি অমিয় চ্যাটার্জির জীবনে কতটুকু প্রতিফলিত হয়েছে? যুক্তি দিয়ে বিচার কর। ৪

১০। প্রতিবছর কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়া তিথীতে কনক উপবাস থেকে তার ভাই সৌবর্ণের কপালে ফোঁটা দিয়ে ভাই দীর্ঘায়ু কামনা করে। তার বিশ্বাস সৌবর্ণ সকল বিপদ আপদ থেকে পরিত্রাণ পাবে।

ক) বাংলা মাসের শেষ দিনকে কী বলা হয়? ১

খ) ধর্মাচার বলতে কী বুঝায়? ২

গ) কনক কীভাবে অনুচ্ছেদে বর্ণিত ধর্মাচারটি উদযাপন করছে, তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) পারিবারিক ও ধর্মীয় জীবনে কনকের পালনকৃত ধর্মাচারটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১। দ্বিজেন্দ্রনাথ একজন ধর্মপ্রাণ ব্যক্তি। তার বয়স ৭৫ বছর। তিনি সংসারে থেকেও অত্যন্ত সংযমী। তিনি সংসারের সমস্ত দায়িত্ব পুত্রের হাতে অর্পণ করে মন্দিরে মন্দিরে ঈশ্বর ধ্যানে মগ্ন থাকেন। এতেও তার আত্মতৃপ্তি হয় না বিধায় তিনি জীবনের পরম প্রাপ্তির উদ্দেশ্যে সংসার ত্যাগের সিদ্ধান্ত নেন।

ক) একেশ্বরবাদ কী? ১

খ) প্রত্যাহার বলতে কী বোঝায়? ২

গ) দ্বিজেন্দ্রনাথ সংসারে থেকে জীবনের কোন স্তরে অবস্থান করছেন তা তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) জীবনের পরম প্রাপ্তির লাভে দ্বিজেন্দ্রনাথের সিদ্ধান্তটি ছিল যৌক্তিক-তোমার সপক্ষে যুক্তি দাও। ৪